বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ৫৯০০-১৩১২৫/- বেতন স্কেলে পিএন্ডডি অফিসের **"প্রধান সহকারী"**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ৫৫০০-১২০৯৫/- বেতন স্কেলে স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের (কেন্দ্রীয় লাইব্রেরীর পদে) **" লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট কাম ডকুমেন্টেশন এ্যাসিস্ট্যান্ট "**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ৫৫০০-১২০৯৫/- বেতন স্কেলে ডি.এ.ই.আর.এস অধীন ওয়েল্ডিং এন্ড শীট মেটাল শপের **" সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর "**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ৪৭০০-৯৭৪৫ /- বেতন স্কেলে প্রকৌশল অফিসের **" জেনারেটর অপারেটর "**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে সরকারী প্রতিষ্ঠান থেকে ট্রেড কোর্স পাশ ও ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ৪৪০০-৮৫৮০/- বেতন স্কেলে কেন্দ্রীয় লাইব্রেরীর **"সর্টার"**-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি পাশ হইতে হইবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৬। ৳ঃ ৪২৫০-৮১৪০/- বেতন স্কেলে ডি.এ.ই.আর.এস অধীন অটোমোবাইল শপের **"শপ এটেনডেন্ট"**-এর ১ (এক) টি স্থায়ী পদ এবং কাপেন্ট্রি শপের ১ (এক) টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে এস.এস.সি ভোকেশনাল পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীকে এস.এস.সি/ সমমানের পাশসহ কোন সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ৪২৫০-৮১৪০/- বেতন স্কেলে কেন্দ্রীয় লাইব্রেরীর **"লাইব্রেরী এটেনডেন্ট"**-এর ৩ (তিন) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ লাইব্রেরীর কাজে কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ৪২৫০-৮১৪০/- বেতন স্কেলে যন্ত্রকৌশল বিভাগের **"ল্যাবঃ এটেনডেন্ট"**-এর ২ (দুই) টি স্থায়ী পদ, বস্তু ও ধাতব কৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে এস.এস.সি ভোকেশনাল পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীকে এস.এস.সি/ সমমানের পাশসহ কোন সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পাশ সহ কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳ঃ ৪২৫০-৮১৪০/- বেতন স্কেলে প্রকৌশল অফিসের **" সহকারী পাম্প ড্রাইভার "**-এর ৪ (চার) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

১০। ৳ ৪১০০-৭৭৪০/- বেতন স্কেলে "এম.এল.এস.এস"-এর যন্ত্রকৌশল বিভাগের ৩ (তিন) টি স্থায়ী পদ, তিতুমীর হলের ১ (এক) টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে), কেন্দ্রীয় লাইব্রেরীর ১ (এক) টি স্থায়ী পদ, বস্ত্র ও ধাতব কৌশল বিভাগের ২ (দুই) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১১। ৳ ৪১০০-৭৭৪০/- বেতন আহসান উল্লা হলের "গার্ড "-এর ১ (এক) টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

১২। ৳ ২৫০/- দৈনিক মজুরী ভিত্তিক ডঃ এম.এ রশীদ হলের "মালী" ১ জন ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃ দ্রঃ- ক্রমিক নং ১-৮ নং পর্যন্ত পদের জন্য শিক্ষাগত যোগ্যতার কোন স্তরে তৃতীয় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য নয়, তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শ্রেণী/বিভাগ শিথিলযোগ্য। ৯ নং ক্রমিকে সহকারী পাম্পড্রাইভার পদে নিয়োগের জন্য যাহারা ইতিপূর্বে আবেদন করিয়াছিলেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা ও জন্ম তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদ সহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। **প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।**

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৪ নং পদের ক্রমিকের জন্য ৮০/- (আশি) টাকার এবং ৫ নং ক্রমিক হইতে ১২ নং ক্রমিকের পদের জন্য ৩০/- টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। **পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট Website: www.buet.ac.bd. দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।**

দরখাস্ত দাখিলের শেষ তারিখ ঃ ১৬ / ০২ /২০১৮ তারিখ বিকাল ৪-৩০ মিনিট পর্যন্ত।

রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। পরিচালক, আই.আই.সি.টি, বাঃপ্রঃবিঃ, সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধসহ।